



বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ-২২০১



পত্র নং ৩৩.০৪.০০০০.১০৫.৮০.০১৩.২১- ২২২০ (৫০)

তারিখ: ২৭/১২/২০

২৭-১২-২০২১ইং তারিখে অনুষ্ঠিত ইনস্টিটিউটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	ড. মো: জুলফিকার আলী, মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও মূল্যায়ন) ও অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)।
তারিখ	:	২৭-১২-২০২১ইং তারিখ দুপুর ১২.৩০ ঘটিকা।
সভার স্থান	:	কনফারেন্স রুম, বিএফআরআই, সদর দপ্তর, ময়মনসিংহ।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ	:	পরিশিষ্ট-ক।

সভার শুরুতে সভাপতি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে স্বাগত জানিয়ে ইনস্টিটিউটের উপপরিচালক (প্রশাসন) কে সভার বিবেচ্য বিষয় উপস্থাপনের আহ্বান জানান। সভাপতির অনুমোদনক্রমে উপপরিচালক (প্রশাসন) সভার বিবেচ্য বিষয় সভায় উপস্থাপন করেন। যা নিম্নে উল্লেখ করা হলোঃ

বিবেচ্য বিষয় এক: ইনস্টিটিউটের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন।

বিবেচ্য বিষয় উপস্থাপন করে উপপরিচালক (প্রশাসন) বলেন যে, ইনস্টিটিউটের দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের নিমিত্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা যথাসময়ে আয়োজনের জন্য নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা মোতাবেক সভা আয়োজন করা হয়েছে। সভায় উপস্থিত একজন কর্মকর্তা জানতে চান যে, অংশীজনের আওতাভুক্ত কাদেরকে বুকানোয় হয়েছে। উক্ত প্রশ্নের প্রেক্ষিতে সভাপতি মহোদয় বলেন যে, অংশীজন বলতে মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/অধিদপ্তর/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয়ের অভ্যন্তরীণ/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান এবং আওতাধীন/সংশ্লিষ্ট /মাঠ পর্যায়ের কার্যালয় সমূহ কিংবা তাঁদের কর্মকর্তা/কর্মচারীকে বুঝায়। সভাপতি মহোদয় আরো বলেন যে,-

- ক) ইনস্টিটিউটের সদর দপ্তরসহ কেন্দ্র/উপকেন্দ্র/মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণ তাঁদের যে কোন ন্যায্য স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে যথাযথ কর্তৃপক্ষের নিকট অভিযোগ দাখিল করতে পারবে।
- খ) তাছাড়া, নাগরিক সেবা গ্রহণকারী যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান এবং আওতাধীন/সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কার্যালয় সমূহ কিংবা তাঁদের কর্মকর্তা/কর্মচারীগণও যে কোন ন্যায্য বিষয়ে ইনস্টিটিউট কর্তৃপক্ষ বরাবর অভিযোগ দাখিল করতে পারবে।
- গ) ইনস্টিটিউটে অনলাইন/অফলাইনে কোন অভিযোগ পাওয়া গেলে প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আলোচ্য সভায় উপপরিচালক (প্রশাসন) উপস্থিত সকলকে বলেন যে, ইনস্টিটিউটে কোন প্রকার অভিযোগ পাওয়া যায়নি। এ প্রেক্ষিতে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত:

- ০১। অভিযোগ প্রতিকারের জন্য ইনস্টিটিউটে কোন প্রকার অভিযোগ পাওয়া যায়নি। ভবিষ্যতে অভিযোগ পাওয়া গেলে যথাসময়ে প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ০২। ইনস্টিটিউটে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা যথাসময়ে আয়োজন করতে হবে।

পরিশেষে সভাপতি মহোদয় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. মো: জুলফিকার আলী)

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও মূল্যায়ন)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)

পত্র নং-৩৩.০৪.০০০০.১০৫.৮০.০১৩.২১- ২২২০(৫)
সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

তারিখ: ২৭/০২/২০

- ০১। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (গবেষণা ও ব্যবস্থাপনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ০২। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা-১), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ০৩। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, (প্রশিক্ষণ), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ০৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ০৫। উপপরিচালক (অর্থ ও হিসাব), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ০৭। উর্ধ্বতন গ্রন্থাগারিক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ০৮। সহকারী পরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ০৯। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। সংশ্লিষ্ট নথি/ মাষ্টার নথি।


২৭/০২/২০২১
(মো: আজিজুল হক)

উপপরিচালক, প্রশাসন ও সমন্বয় বিভাগ (চ:দা:)

ও

বিকল্প ফোকাল পয়েন্ট (অভিযোগ প্রতিকার ব্যবস্থা)